**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একটি পরিচ্ছন্ন, স্মার্ট এবং আরও নাগরিক-বান্ধব ত্রিপুরা গড়ে তোলার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।**

**(২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, চলতি মরসুমেই খোয়াই ও ধলাই জেলা ধান উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে।**

**(৩) ভারত ও রাশিয়া আজ প্রতিরক্ষা, বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, সংস্কৃতি এবং গণমাধ্যম সম্পর্কিত বেশ কয়েকটি চুক্তি বিনিময় করেছে ।**

**(৪) টি.এফ.এ পরিচালিত মহিলাদের ঘরোয়া নকআউট ফুটবলের উদ্বোধনী ম্যাচে জয় পেলো জম্পুইজলা প্লে সেন্টার ।**

****************************************

**Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরহিত্যে আজ আগরতলায় টি.আই.এফ.টি রুমে ত্রিপুরা আরবান প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট অথরিটির একটি গুরুত্বপূর্ণ বৈঠক হয়। বৈঠকে চলমান উন্নয়নমূলক প্রকল্পগুলি পর্যালোচনা, নগর পরিকাঠামো এবং জনসেবা আরও শক্তিশালী করার কৌশলগুলি নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী একটি পরিচ্ছন্ন, স্মার্ট এবং আরও নাগরিক-বান্ধব ত্রিপুরা গড়ে তোলার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। বৈঠকে বিভিন্ন এলাকায় পাকা বাড়ি ঘর নির্মাণের ক্ষেত্রে সরকারী নির্দেশিকাগুলি সঠিকভাবে অনুসরণ করা হচ্ছে কিনা এবিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। মুখ্যমন্ত্রী আগরতলা শহর এলাকাকে যানজটমুক্ত রাখার লক্ষ্যে যথাযথ পার্কিং ব্যবস্থা গড়ে তোলার জন্য

প্রয়োজনীয় উদ্যোগ নিতে সংশ্লিষ্ট অধিকারিকদের নির্দেশ দেন। বৈঠকে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার উপস্থিত ছিলেন।

****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, চলতি মরসুমেই খোয়াই ও ধলাই জেলা ধান উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠবে। কৃষি কলেজ ও নাবার্ড আয়োজিত 'রবি পেঁয়াজ-ত্রিপুরার গ্রামীণ অর্থনীতির উন্নয়ন ও জীবিকায়নের সম্ভাবনাময় নগদ ফসল' শীর্ষক প্রকল্প সহ কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি জানান, এখন লক্ষ্য আলু উৎপাদনে স্বনির্ভর হওয়া। এই কারণে এ.আর.সি পদ্ধতি ব্যবহার করে আলু উৎপাদন বাড়ানো হচ্ছে।

****************************

**Labour Code :**

শ্রমমন্ত্রী টিংকু রায় বলেছেন, কেন্দ্রীয় সরকার প্রবর্তিত চারটি নতুন শ্রমবিধি চালুর মধ্য দিয়ে দেশে মহিলা সশক্তিকরণ হয়েছে। পাশাপাশি মহিলা শ্রমশক্তির অংশগ্রহণ বাড়ছে। আজ দুপুরে কৈলাশহরের সরোজিনী গ্রাম পঞ্চায়েতে লিঙ্গসমতা বিষয়ে জাতীয় প্রচারাভিযান উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। চন্ডীপুর পঞ্চায়েত সমিতি আয়োজিত এই কর্মসূচিতে বক্তব্য রাখেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল, কৈলাশহরের SDM বিপুল দাস, চন্ডীপুর ব্লকের BDO দেবপ্রিয়া দাস প্রমুখ।

****************************

**Mayor :**

মেয়র দীপক মজুমদার জানিয়েছেন, আগরতলার পুর নিগমের অধীনে জ্যাকসন গেটে সিভিল হাসপাতালটি আগামী তিন মাসের মধ্যে জনগণের উদ্দেশ্যে উৎসর্গ করা হবে। ৫০ শয্যা বিশিষ্ট এই হাসপাতালে বহি:বিভাগ ও অন্তঃবিভাগ দুটি পরিষেবাই চালু হবে।

****************************

**Har Ghar Swadeshi Ghar Ghar swadeshi :**

হর ঘর স্বদেশি ঘর ঘর স্বদেশি কর্মসূচীকে বাস্তবায়নের লক্ষ্যে আজ আগরতলার মহারাজগঞ্জ বাজারে যান ৮ টাউন বড়দোয়ালী মন্ডলের সদস্যরা। তারা এদিন ক্রেতা বিক্রেতা সকলের সঙ্গে কথা বলে প্রতিটি দোকানে স্বদেশি পণ্যের প্রদর্শন ও বিক্রির বিষয়ে আলোচনা করেন। বিদেশি পণ্যের প্রতি অতি নির্ভরতা কমিয়ে স্বদেশি পন্য ব্যাবহারের উপর জোড় দেন তারা। তারা প্রতিটি বাড়িকে স্বদেশির প্রতীক করে তুলে প্রতিটি দোকানে স্বদেশি পণ্য বিক্রির জন্য আবেদন জানান। তাদের দাবী এভাবেই দেশের অর্থনীতি আরও শক্তিশালী হবে, কর্মসংস্থান বাড়বে এবং দেশের মুদ্রা দেশেই থাকবে। কর্মসূচীতে উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি শ্যামল কুমার দেব, সম্পাদক সুব্রত চক্রবর্তী সহ অন্যান্যরা।

*******************************************

**Package Story– NCC Fest :**

আজ জাতীয় সমর শিক্ষার্থী বাহিনী–এনসিসি–র ত্রিপুরা ফেস্টের সমাপ্তি হচ্ছে। গতকাল থেকে ড্রোণ শো, ব্যান্ড শো, প্রতিরক্ষা সরঞ্জাম, তথ্য প্রযুক্তির বিভিন্ন উদ্ভাবনের প্রদর্শনীর পাশাপাশি এই ফেস্টে থাকলো সামাজিক সচেতনতার বিভিন্ন উদ্যোগও।নেশা মুক্ত ত্রিপুরা গড়ার স্বপ্ন পূরণ বা বিপর্যয় মোকাবিলার মতো কাজেও অন্যান্য দায়বদ্ধ বাহিনীর সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করে চলেছেন তাঁরা। যে ভূমিকার কথা উদ্বোধনী অনুষ্ঠানে স্বীকার করেছেন খোদ রাজ্যের মুখ্যমন্ত্রীও। সব মিলিয়ে এই উৎসব যেন এটাই তুলে ধরলো রাজ্যে এন.সি.সি–র ক্যাডেটরা দেশপ্রেম ও শৃঙ্খলাপরায়ণতায় যেকোন দায়িত্ব পালনে রীতিমতো প্রস্তুত। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**MOU, Russia :**

ভারত ও রাশিয়া আজ প্রতিরক্ষা, বাণিজ্য, অর্থনীতি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, সংস্কৃতি এবং গণমাধ্যম সম্পর্কিত বেশ কয়েকটি চুক্তি বিনিময় করেছে। নতুনদিল্লিতে ২৩তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে এক যৌথ সাংবাদিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে ভারত ও রাশিয়ার সম্পর্ক এখন ঐতিহাসিক মাইলফলকে পৌঁছেছে। তিনি বলেন যে গত দশ বছরে বিশ্ব অনেক উত্থান-পতন দেখেছে এবং এই সবকিছুর মধ্যেও ভারত-রাশিয়া সম্পর্ক সময়ের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে উভয় দেশই ইউরিয়া উৎপাদনে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করবে। তিনি উল্লেখ করেন যে প্রায় পঁচিশ বছর আগে, রাষ্ট্রপতি পুতিন ভারত-রাশিয়া কৌশলগত অংশীদারিত্বের ভিত্তি স্থাপন করেছিলেন এবং পনেরো বছর আগে, ২০১০ সালে, অংশীদারিত্ব একটি বিশেষ এবং সুবিধাপ্রাপ্ত কৌশলগত অংশীদারিত্বের স্তরে উন্নীত হয়েছিল।

#####Byte-PM#####

উভয় নেতা ২০৩০ সাল পর্যন্ত ভারত-রাশিয়া অর্থনৈতিক সহযোগিতার কৌশলগত ক্ষেত্রগুলির উন্নয়নের জন্য যৌথ কর্মসূচি গ্রহণ করেন। তারা দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করেন এবং পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে মতবিনিময় করেন।

************************

**Annual Meeting :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন যে সরকার রাজ্য জুড়ে সমবায় সমিতিগুলিকে শক্তিশালী করার জন্য একাধিক পরিকল্পনা গ্রহণ করছে। আজ আগরতলায় সুকান্ত একাডেমীতে ত্রিপুরা স্টেট্ কনজিউমার্স ফেডারেশনের বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরার লক্ষ লক্ষ মানুষ সমবায় ক্ষেত্রের সঙ্গে যুক্ত, যা গ্রামীণ অর্থনৈতিক অগ্রগতির মূল স্তম্ভ হিসেবে কাজ করে চলেছে। তিনি বলেন, কর্মক্ষমতা উন্নত করতে, বিপণন ব্যবস্থা জোরদার করতে সমবায় সমিতিগুলি প্রতি দুই মাস অন্তর পর্যালোচনা সভা পরিচালনা করছে। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত।

**************************

**Indigo :**

বেসরকারি বিমান সংস্থা- ইন্ডিগো, আজ মধ্যরাত পর্যন্ত দিল্লী থেকে সমস্ত অন্তর্দেশীয় বিমান বাতিল করেছে। এর জেরে তৈরি হওয়া যাত্রী হয়রানির সমাধানে আসরে নামল কেন্দ্রীয় সরকার। বিমান পরিবহন মন্ত্রক জানিয়েছে, বিমান সূচি শীঘ্রই স্বাভাবিক করা হবে এবং যাত্রীদের সমস্যার অতি দ্রুত সমাধান করা হবে। আজ মধ্যরাতের পর থেকেই বিমান পরিষেবা স্বাভাবিক হতে শুরু করবে। আগামী কয়েকদিনের মধ্যেই সম্পূর্ণ পরিষেবা স্বাভাবিক হবে বলে আশা করা যাচ্ছে।

বিমান পরিবহন মন্ত্রক আরো জানিয়েছে, যাত্রীরা বাড়িতে বসেই বিমানের বিলম্ব সংক্রান্ত তথ্য জানতে পারবেন। পাশাপাশি, বিমান বন্দর কর্তৃপক্ষ বিমান যাত্রীদের www.newdelhiairport.in ওয়েবসাইটে নজর রাখার পরামর্শ দিয়েছেন। কোনও বিমান বাতিল হলে ইন্ডিগো সম্পূর্ণ অর্থ ফেরত দেবে বলে জানিয়েছে। বিমান বিলম্বের কারণে যাত্রীরা কোথাও আটকে গেলে তাদের হোটেলে থাকার ব্যবস্থা হিসেবে করা হবে। প্রবীণ নাগরিকদের সুবিধার জন্য বিশেষ ব্যবস্থা হিসেবে লাউঞ্জ ব্যবহারের সুবিধাও দেওয়া হবে। বিলম্বিত বিমানের যাত্রীদের জন্য যথাযথ ব্যবস্থা ও প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করা হবে। বিমান পরিবহন মন্ত্রকের কন্ট্রোল রুম থেকে পরিস্থিতির ওপর নজরদারি চলছে।

****************************

**Offer Distribution :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা আজ সচিবালয়ে মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পের অধীনে সফটওয়্যার ডেভেলপার হিসেবে নির্বাচিত ৩০ জন প্রার্থীকে নিয়োগপত্র প্রদান করেন। স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা প্রদীপ কৃষ্ণ রাজু বলেন, নির্বাচিত এই ৩০ জন প্রার্থীকে রাজ্যের সফটওয়্যার ডেভেলপমেন্ট ও আই.টি. সম্পর্কিত বিভিন্ন কাজে ৬ মাসের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট আই.টি, সংস্থায় স্থায়ীভাবে তাদের অন্তর্ভুক্ত করা হবে এবং প্রতি মাসে ২০ হাজার টাকা করে তাদের প্রত্যেককে প্রদান করা হবে।

****************************

**Awareness Camp–Bishramganj :**

দীর্ঘদিন যাবৎ দাবিহীন গচ্ছিত টাকা ব্যাঙ্ক আমানতকারীদের উত্তরসূরীদের কাছে ফিরিয়ে দেওয়ার লক্ষ্য আজ সিপাহীজলা জেলায় এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক–এর উদ্যোগে বিশ্রামগঞ্জের DPRC হলে আয়োজিত আপনার টাকা আপনার অধিকার শীর্ষক এই

শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত।

****************************

**Little Magazine Conference :**

আগরতলায় রবীন্দ্র শতবার্ষিক ভবনে চারদিনের দশম উত্তর-পূর্বাঞ্চলীয় লিটেল ম্যাগাজিন সম্মেলন শুরু হচ্ছে আগামী ২৬শে ডিসেম্বর। চলবে ২৯শে ডিসেম্বর পর্যন্ত। আজ প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন লিটল ম্যাগাজিন সম্মেলন কমিটির আহ্বায়ক শুভব্রত দেব। তিনি জানান এই সম্মেলনে উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন স্থান থেকে ১২৫ জন এবং রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে শতাধিক প্রতিনিধি অংশগ্রহণ করবেন।

**********************************

**Women's Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত মহিলাদের ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতার উদ্বোধনী ম্যাচে জয় পেলো জম্পুইজলা প্লে সেন্টার। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে চারটি দলকে নিয়ে প্রতিযোগিতার আসরে জম্পুইজলা ২-০ গোলে ফুলোঝানু এথলেটিক্স ক্লাবকে পরাজিত করে। এই জয়ের ফলে জম্পুইজলা আসরের ফাইনালে উঠেছে।

************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস।

*************************